

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্কামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আযানের প্রারম্ভিক ইতিহাস

মক্কায় অবস্থানকালে মহানবী (্ৠঃ) তথা মুসলিমগণ বিনা আযানে নামায পড়েছেন। অতঃপর মদ্বীনায় হিজরত করলে হিজরী ১ম (মতান্তরে ২য়) সনে আযান ফরয হয়। (ফাতহুল বারী, ইবনে হাজার ২/৭৮) সকল মুসলমানকে একত্রে সমবেত করে জামাআতবদ্ধভাবে নামায পড়ার জন্য এমন এক জিনিসের প্রয়োজন ছিল, যা শুনে বা দেখে তাঁরা জমা হতে পারতেন। এ জন্যে তাঁরা পূর্ব থেকেই মসজিদে উপস্থিত হয়ে নামাযের অপেক্ষা করতেন। এ মর্মে তাঁরা একদিন পরামর্শ করলেন; কেউ বললেন, 'নাসারাদের ঘন্টার মত আমরাও ঘন্টা ব্যবহার করব।' কেউ কেউ বললেন, 'বরং ইয়াহুদীদের শৃঙ্গের মত শৃঙ্গ ব্যবহার করব।' হযরত উমার (রাঃ) বললেন, 'বরং নামাযের প্রতি আহ্বান করার জন্য একটি লোককে (গলি-গলি) পাঠিয়ে দিলে কেমন হয়?' কিন্তু মহানবী (ﷺ) বললেন, "হে বিলাল! ওঠ, নামাযের জন্য আহ্বান কর।"(বুখারী ৬০৪ , মুসলিম, সহীহ) কেউ বললেন, 'নামাযের সময় মসজিদে একটি পতাকা উত্তোলন করা হোক। লোকেরা তা দেখে একে অপরকে নামাযের সময় জানিয়ে দেবে।' কিন্তু মহানবী (ﷺ) এ সব পছন্দ করলেন না। (আবুদাউদ, সুনান ৪৯৮নং) পরিশেষে তিনি একটি ঘন্টা নির্মাণের আদেশ দিলেন। এই অবসরে আব্দুল্লাহ বিন যায়দ (রাঃ) স্বপ্নে দেখলেন, এক ব্যক্তি ঘন্টা হাতে যাচ্ছে। আবুল্লাহ বলেন, আমি তাকে বললাম, 'হে আল্লাহর বান্দা! ঘন্টাটি বিক্রয় করবে?' লোকটি বলল, 'এটা নিয়ে কি করবে?' আমি বললাম, 'ওটা দিয়ে লোকেদেরকে নামাযের জন্য আহ্বান করব।' লোকটি বলল, 'আমি তোমাকে এর চাইতে উত্তম জিনিসের কথা বলে দেব না কি?' আমি বললাম, 'অবশ্যই।' তখন ঐ ব্যক্তি আব্দুল্লাহকে আযান ও ইকামত শিখিয়ে দিল। অতঃপর সকাল হলে তিনি রসূল (ৠৄর্ছু) এর নিকট উপস্থিত হয়ে স্বপ্নের কথা খুলে বললেন। সব কিছু শুনে মহানবী (ﷺ) বললেনে, "ইনশাআল্লাহ! এটি সত্য স্বপ্ন। অতএব তুমি বিলালের সাথে দাঁড়াও এবং স্বপ্নে যেমন (আযান) শুনেছ ঠিক তেমনি বিলালকে শুনাও: সে ঐ সব বলে আযান দিক। কারণ, বিলালের আওয়াজ তোমার চেয়ে উচ্চ।"

অতঃপর আব্দুল্লাহ (রাঃ) স্বপ্নে প্রাপ্ত আযানের ঐ শব্দগুলো বিলাল (রাঃ) কে শুনাতে লাগলেন এবং বিলাল (রাঃ) উচ্চস্বরে আযান দিতে শুরু করলেন। উমার (রাঃ) নিজ ঘর হতেই আযানের শব্দ শুনতে পেয়ে চাদর ছেঁচড়ে (তাড়াতাড়ি) বের হয়ে মহানবী (ﷺ) এর নিকট উপস্থিত হলেন; বললেন, 'সেই সন্তার কসম, হে আল্লাহর রসূল! আমিও (২০ দিন পূর্বে) স্বপ্নে ঐরুপ দেখেছি।' আল্লাহর রসূল (ﷺ) তাঁকে বললেন, "অতএব যাবতীয় প্রশংসা আল্লাহরই।" (আহমাদ, মুসনাদ, আবূদাউদ, সুনান ৪৯৮-৪৯৯, তিরমিয়ী, সুনান ১৮৯, ইবনে মাজাহ, সুনান ৭০৬নং)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন